দৈনিক ইনকিলাব

তারিখ ... FEB. 9 .. 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ৮

মাদ্রাসা পরিচালকদের সভা

## তালেবান ও লাদেনের অনুসারী বলে অভিযোগ এনে নির্যাতন হয়রানি আর সহ্য করা হবে না

**চট্টগ্রাম ব্যুরো ঃ** গতকাল বিকেলে বৃহত্তর চট্টগ্রামের কওমী মাদ্রাসা ও আলীয়া মাদ্রাসাসমূহের পরিচালক ও প্রতিনিধিদের এক যৌথ সভায় দেশের মাদ্রাসা ও দ্বীনি শিক্ষার বিরুদ্ধে পরিকল্পিত ষড়যন্ত্র মোকাবিলায় গণআন্দোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় বলা হয়, তালেবান ও লাদেনের অনুসারী বলে অভিযোগ এনে মাদ্রাসার ছাত্র-শিক্ষক ও ধর্মপ্রাণ মুসলমানদের নির্যাতন হয়রানি আর সহ্য করা হবে না। দ্বীনি প্রতিষ্ঠানসমূহ ধ্বংস করার এই চক্রান্ত বন্ধ করা না হলে শীঘ্রই বৃহত্তর গণআন্দোলনের ডাক দেয়া হবে। নগরীর ষোলবহর মাদ্রাসায় অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন মুফতিয়ে আজম আল্লামা আহমদুল হক। এতে কওমী মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মাওলানা হারুন ইসলামাবাদী, শায়খুল হাদীস মাওলানা ইসহাক গাজী, মাওলানা সুলতান জওক নদভী প্রমুখ বক্তব্য রাখেন।

সভায় বলা হয়, কোন মাদ্রাসার ছাত্র-শিক্ষক দেশের আইন বিরোধী কাজে জড়িত হওয়ার প্রমাণ নেই। লালখান বাজার মাদ্রাসা ও দরবেশকাঠি মাদ্রাসায় তল্লাশি চালিয়ে কোন অবৈধ জিনিস পাওয়া যায়নি। এর পরও এক শ্রেণীর পত্র-পত্রিকা ও তথাকথিত বুদ্ধিজীবীরা মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্র করছে। ভারতীয় দালাল ও এনজিওদের প্ররোচনায় এটা সরকারের পরিকল্পিত ষড়যন্ত্র